যুগান্তর

তারিখ 9 JUN 2009
পৃষ্ঠা ... কলাম ...

# মাদারগঞ্জে প্রাথমিক বৃত্তি নিচ্ছে কিন্ডারগার্টেনের শিক্ষার্থীরা

## বঞ্চিত হচ্ছে প্রকৃত ছাত্রছাত্রীরা

মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

মাদারগঞ্জে প্রাথমিক বিদ্যালয়গুলো থেকে বৃত্তি পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হচ্ছে কিন্ডারগার্টেন স্কুলের ছাত্ররা। এর ফলে প্রাথমিক বিদ্যালয়ের প্রকৃত শিক্ষার্থীরা কোটাভিত্তিক প্রাথমিক বৃত্তি থেকে বঞ্চিত হচ্ছে। ১৩ এপ্রিল তারিখে প্রকাশিত ২০০৮ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফলে দেখা যায়, মাদারগঞ্জ উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় থেকে ট্যালেন্টপুল ও সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্ত ১শ' শিক্ষার্থীর মধ্যে স্থানীয় বিভিন্ন ব্র্যাক স্কুলের ১৪ জন ছাড়া অন্যরা সবাই কোন না কোন কিন্ডারগার্টেনের নিয়মিত ছাত্র। খোঁজ নিয়ে জানা গেছে, ঢাকার মিরপুরের শহীদ পুলিশ স্মৃতি কলেজের ৫ম শ্রেণীর শিক্ষার্থী সাদিয়া ফেরদৌসী মৌনতা মাদারগঞ্জ পৌর এলাকার চরবওলা সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে বৃত্তি পরীক্ষা দিয়ে ট্যালেন্টপুলে বৃত্তিলাভ করে। মৌনতাকে ছাড়পত্র ছাড়াই শুধু শহীদ পুলিশ স্মৃতি কলেজের ছাত্রী হিসেবে একটি প্রত্যয়নপত্র মূলে তাকে চরবওলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করানো হয়। একইভাবে পাকরুল রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ট্যালেন্টপুলে বৃত্তিলাভ করে বহিরাগত শিক্ষার্থী আবদুল ওয়াহাব সবুজ। এছাড়া উপজেলার এফএম কিন্ডারগার্টেনের নিয়মিত শিক্ষার্থী নিগার সুলতানা ও রাফিয়া সুলতানা ইসলামাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে, কালিবাড়ী প্রি-ক্যাডেট কিন্ডারগার্টেনের শিক্ষার্থী মাদিল শাহরিয়ার ও মির্জা নাফিছা আক্তার নূপুর নয়পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে, গ্রিন বার্ড কিন্ডারগার্টেনের মোঃ নাজমুল হাসান ও ফারজানা ইয়াসমীন পূর্ব বাজিতের পাড়া রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে, হলিমিশন স্কুল এন্ড কলেজের শামসুত্তাইয়িবা শিফা ও জাকিয়া সুলতানা চাপেনীপাড়া রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে এবং জুঁই কিন্ডারগার্টেনের নুসরাত জাহান ইলা চারঘরিয়াপাড়া রেজি. প্রাথমিক বিদ্যালয় থেকে বৃত্তি পরীক্ষা দিয়ে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-অভিভাবকরা জানান, কিন্ডারগার্টেন স্কুলগুলোতে বিত্তশালীদের সন্তানরা পড়ালেখা করে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা নিজ বিদ্যালয়ের ছাত্রদের ভালোভাবে পাঠদান না করে অনৈতিকভাবে বিদ্যালয়ের সুনাম জাহিরের প্রতিযোগিতায় নেমে কিন্ডারগার্টেনের ছাত্রদের শুধু কাগজপত্রে ভর্তি দেখিয়ে বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করাচ্ছে।